

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাগনভূঞা, ফেনী।

স্মারক নং- ৩১.২০.৩০৫১.০০২.১৬.০০৩.২৩- ২০২

তারিখ : ০৬ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

১৪৩০- ১৪৩২ বৎসরের জন্য সরকারী বন্ধ জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলাধীন নিম্নোক্ত তফসিলে বর্ণিত জলমহাল সমূহের ১৪৩০-১৪৩২ বৎসর পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রঃ নং	জলমহালের নাম	মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং	আয়তন	সরকারী মূল্য
০১.	আলাইয়ারপুর পুকুর	৩৯ নং আলাইয়ারপুর	০১	১২৩	০.৫৩	১২,৩০০/-
০২.	সমাসপুর পুকুর	২১ নং সমাসপুর	০১	৩৩২৯	০.৩৩০০	২১,৯০০/-
০৩.	জয়নারায়নপুর পাদুয়া দিঘী	২৭ নং জয়নারায়নপুর	০১	১০০৩	১.৫৭	১,৩৮,৬০০/-
০৪.	ওমাখার দিঘী	২৪ নং রামচন্দ্রপুর	০১	১৪০৬	১.১৯	৮২,৮০০/-
০৫.	সমাসপুর গাজী পুকুর	২১ নং সমাসপুর	০১	৩১৯ ৩২০ ৩৩২ ৩৩৩ ৩৩৪	০.০৭ ০.১৬ ০.৪০ ০.০৮ ০.০৭	৬৬,৩০০/-
০৬.	ডুমুরিয়া বুক ফিশারি	১৬ নং দিলপুর ১৫ নং শরিফপুর ২৭ নং গনিপুর ২৮ নং রাজাপুর	০১	১৬০৩ ১০০৭ ৪৩৮ ২২১	০.৮৭ ৩.৩৮ ৬.০২ ৯.৭৩ ২০.০০	৯৯,৩০০/-
০৭.	মাতুভূঞা বাজার পুকুর	৭০ নং মমারিজপুর	০১	১৯৩ হাল ১৮৮	০.৫৫০০	৭৬,৫০০/-

দরপত্র নগদ ৫০০(পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) বিনিময়ে জেলা প্রশাসক, ফেনী এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, দাগনভূঞা অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত সংগ্রহ করা যাবে। ১ম দরপত্র দাখিলের তারিখ : ২০/০৩/২০২৩ খ্রিঃ, কাজিখত ইজারা মূল্য পাওয়া না গেলে ২য় দরপত্র দাখিলের তারিখ : ২৭/০৩/২০২৩ খ্রিঃ, কাজিখত ইজারা মূল্য পাওয়া না গেলে ৩য় দরপত্র দাখিলের তারিখ : ০৩/০৪/২০২৩ খ্রি। সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত দরপত্র স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বক্সে জমা দিতে হবে। দরপত্রসমূহ ঐ দিনই ১.৩০ টার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলী :

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ১৪ মার্চ ২০১২ খ্রিঃ তারিখের সংশোধনী মোতাবেক ক) প্রকৃত মৎসজীবীদের খ) বেকার যুবক গ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ঘ) যুব মহিলা ঙ) বিধাব ও স্বামী পরিত্যক্তা চ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য ছ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি(সমবায়/সমাজসেবা) অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত, সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল ইজারা প্রদান করা হবে।
২. আবেদনের সাথে সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন সনদ(রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র) সংগঠন/সমিতির নামে গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণী, সদস্য এবং নির্বাহী কমিটির নামের তালিকা (ঠিকানাসহ), জলমহালের মৎস চাষ/উৎপাদন/ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সির সার্টিফিকেট, অডিট রিপোর্ট (প্রয়োজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
৩. প্রকৃত মৎসজীবীদের ক্ষেত্রে স্থানীয় ইউ.পি চেয়ারম্যান কর্তৃক মৎসজীবী হিসাবে সনদপত্র গ্রহণপূর্বক দাখিল করতে হবে।

৪. দরপত্রে উল্লেখিত ০৩(তিন) বৎসরের মোট মূল্যের ২০% জামানত হিসাবে তফসিল ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী এর অনুকূলে প্রদান করতে হবে। জামানতের টাকা ৩য় বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে।
৫. বছরভিত্তিক ইজারা মূল্য পরিশোধ করতে হবে।
৬. সর্বোচ্চ দরদাতার দরপত্রে গ্রহণ করা হবে। দরপত্র অনুমোদনের ০৭(সাত) দিনের মধ্যে ১ম বছরের ইজারা মূল্য পরিশোধ করতে হবে।
৭. ইজারাপ্রাপ্ত ব্যক্তি বা সংগঠন কোন অবস্থাতেই ইজারা প্রাপ্ত জলাশয় সম্পূর্ণ কিংবা আংশিক সাব লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠির নিকট হস্তান্তর করতে পারবেনা
৮. কোন মৎসজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।
৯. জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ম অনুযায়ী ইজারা গ্রহীতাকে ভ্যাট ও আয়কর জমা দিতে হবে।
১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



 ১৬.০৬.২০২০
 (নাহিদা আক্তার তানিয়া)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
 দাগনভূঞা, ফেনী।

স্মারক নং ৩১.২০.৩০২৫.০০২.১৬.০১৫.২৩- ২৫৮/১১)

তারিখ: ০৩ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২০

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. মাননীয় সংসদ সদস্য, ফেনী- ০৩
২. জেলাপ্রশাসক, ফেনী
৩. অতিরিক্ত জেলাপ্রশাসক(রাজস্ব), ফেনী।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
৫. উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী
৬. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী। তাঁর নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭. উপজেলা..... কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।
৮. চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।
৯. জনাব.....
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল)..... পৌর/ইউনিয়ন ভূমি অফিস, দাগনভূঞা, ফেনী। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. নোটিশ বোর্ড।


 ১৬.০৬.২০২০
 (নাহিদা আক্তার তানিয়া)
 সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
 ও
 সদস্য সচিব
 উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
 দাগনভূঞা, ফেনী।